

অতীব জরুরী

ডাক/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-০৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.০০.০০০০.১৫৬.০০৮.০০১-১৬-১০০


তারিখঃ ১৬.০৩.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ আগামী ১৪ মার্চ এবং ০৩ ও ৩১ মে, ২০১৭ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে 'এএফসি কাপ ২০১৭' এর খেলায় মালদ্বীপ, ভারত, ভুটান ও শ্রীলংকার বিভিন্ন ক্লাবে অংশগ্রহণ এবং ২৫ মার্চ থেকে ০৫ এপ্রিল, ২০১৭ তারিখ পর্যন্ত চট্টগ্রামস্থ জহর আহমেদ চৌধুরী স্টেডিয়াম ও এম, এ আজিজ স্টেডিয়াম এবং কক্সবাজার শেখ কামাল আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে-এ Emerging Teams Cup 2017 উপলক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর আলোকে মেডিকেল টিম নিয়োগ সংক্রান্ত।

১. স্মারক নং-৩৪.০০.০০০০.০৭১.০৬.০৪৪.২০১০(অংশ-১)-১০৬ তারিখঃ ১৫.০৩.২০১৭ খ্রিঃ
২. স্মারক নং-৩৪.০০.০০০০.০৭১.০৬.০৪৪.২০১০(অংশ-১)-১০৫ তারিখঃ ১৫.০৩.২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪ মার্চ এবং ০৩ ও ৩১ মে, ২০১৭ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে 'এএফসি কাপ ২০১৭' এবং ২৫ মার্চ থেকে ০৫ এপ্রিল, ২০১৭ খ্রিঃ তারিখে চট্টগ্রামস্থ জহর আহমেদ চৌধুরী স্টেডিয়াম ও এম, এ আজিজ স্টেডিয়াম এবং কক্সবাজার শেখ কামাল আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে-এ Emerging Teams Cup 2017 খেলা অনুষ্ঠিত হবে। উক্ত খেলায় মালদ্বীপ, ভারত, ভুটান ও শ্রীলংকার বিভিন্ন ক্লাব অংশগ্রহণ করবেন। খেলায় অংশগ্রহণকারী ও সংশ্লিষ্ট অন্যান্যদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে সার্বক্ষণিক ২টি এ্যাম্বুলেন্স, ২ টি স্ট্রেচার এবং ৪ জন সেবাদানকারী, জরুরী চিকিৎসাকল্পে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে-০১ টি কেবিন, মাঠ/স্টেডিয়ামে অস্থায়ী মেডিকেল সেন্টার স্থাপনসহ প্রয়োজনীয় ডাক্তার নিয়োগের ব্যবস্থা, খেলা চলাকালীন আঘাতজনিত জরুরী ঔষধ সমূহ সরবরাহ এবং জরুরী চিকিৎসাকল্পে চট্টগ্রাম ও কক্সবাজার-এর সংশ্লিষ্ট হাসপাতালগুলোতে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা, খেলাচলাকালীন সময় স্টেডিয়ামগুলোতে সার্বক্ষণিক এ্যাম্বুলেন্সের ব্যবস্থা, মাঠ/স্টেডিয়ামগুলোতে অস্থায়ী মেডিকেল সেন্টার স্থাপনসহ প্রয়োজনীয় ডাক্তার নিয়োগ, খেলোয়ার/কর্মকর্তাগণের আবাসিক হোটেলে সার্বক্ষণিক মেডিকেল টিমসহ স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (হাসপাতাল) তত্ত্বাবধানে মেডিকেল টিম প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ- বর্ণনামতে


(এস.এম. জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৪৯১৯২
E-mail: sashosp3
@mohfw.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ০১। সহকারী সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ক্রীড়া-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, (ওয়েব সাইটে প্রকাশে অনুরোধসহ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৪। যুগ্মসচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।